SMC
এসএমসি
উন্নত জীবন

একটি ত্রৈমাসিক প্রকাশনা
এসএমসি বার্তা
SMC News
A Quaterly Publication

সংখ্যা: ৪৯
এপ্রিল - জুন ২০২৪
Issue: 49
April - June 2024

শিশু পুষ্টি ক্যাম্পেইন

Child Nutrition Campaign

এসএমসি শিশুর পুষ্টি অবস্থা উন্নয়নের উপর গুরুত্বারোপ করে ২০২৪ সালের মে মাসের ২৫-২৬ তারিখে দেশব্যাপী 'শিশু পুষ্টি প্রচারাভিযান' (চাইল্ড নিউট্রিশন ক্যাম্পেইন) শীর্ষক দুই দিনের কর্মসূচি পালন করে। পাঁচ (৫) বছরের কম বয়সী শিশুদের শারীরিক বৃদ্ধি পরিমাপ (জিএমপি)-এর পাশাপাশি মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার (এমএনপি) ব্যবহারের প্রয়োজনীয়তা এবং সুবিধাদি সম্পর্কে সাধারণ মানুষের মাঝে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টির অবস্থার উন্নয়ন করা। শিশুদের মধ্যে আয়রনের অভাবজনিত রক্তস্বল্পতা প্রতিরোধে 'মনিমিক্স' (এমএনপি) ব্যবহারে উৎসাহিত করাও এই ক্যাম্পেইনের উদ্দেশ্য ছিল। সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)-এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান ২০২৪ সালের মে মাসের ২৫ তারিখে রংপুর জেলার পীরগাছা উপজেলার বড়দরগা বাজারে অবস্থিত 'সরকার ফার্মেসি' নামক ব্লু-স্টার কেন্দ্র থেকে এই ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। তিনি পরিবার পরিকল্পনা, মাতৃস্বাস্থ্য, শিশু স্বাস্থ্য, পুষ্টি এবং যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচিতে ব্লু-স্টার সেবাপ্রদানকারীদের অক্লান্ত পরিশ্রম এবং উল্লেখযোগ্য অবদানের প্রশংসা করেন। দেশের শিশু স্বাস্থ্য পরিস্থিতির উন্নয়নে জিএমপি সেবা প্রদান এবং মনিমিক্সের সরবরাহ বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন। ক্যাম্পেইনটি দেশব্যাপী ৯,১৫০টি স্টার নেটওয়ার্ক এবং অন্যান্য ফার্মেসিতে ৩.৮১ মিলিয়ন স্যাশেট মনিমিক্স সরবরাহ করে উল্লেখযোগ্য ফলাফল অর্জন করে।

পরবর্তীতে, জনাব খান বাস্তবায়নকারী প্রতিষ্ঠান 'সচেতন' কর্তৃক আয়োজিত রংপুর জেলার পীরগাছা উপজেলার চন্ডিপুর ইউনিয়নে প্রজনন বয়সী বিবাহিত নারী (এমডব্লিউ)-দের নিয়ে একটি উঠান বৈঠক এবং গর্ভবতী মায়েদের নিয়ে একটি মা সমাবেশ পরিদর্শন করেন। জনাব খান প্যারামেডিক কর্তৃক প্রদত্ত প্রসবপূর্ব সেবা (এনসি) এবং কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচির সামগ্রিক কর্মকান্ড পর্যবেক্ষণ করেন। তিনি নিরাপদ প্রসবের গুরুত্ব, মাতৃস্বাস্থ্য ও পুষ্টি এবং গর্ভাবস্থায় ফুলকেয়ার (মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস) ট্যাবলেট এবং ক্যালসিয়াম সমৃদ্ধ ফরবোন ট্যাবলেট গ্রহণের প্রয়োজনীয়তা ও উপকারিতার কথাও তুলে ধরেন।

SMC conducted a two-day nationwide campaign titled 'Shishu Pusti Campaign (Child Nutrition Campaign)' on May 25-26, 2024 to focus on child nutrition. The campaign aimed to enhance the nutritional status of children by promoting growth monitoring and promotion (GMP) services and increasing awareness among community people about the benefits of using Micronutrient Powder (MNP) for the children under 5 years. It also focused on promoting 'MoniMix' (MNP) to reduce iron deficiency anemia among them. Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO of Social Marketing Company (SMC) inaugurated the campaign at 'Sarkar Pharmacy', a Blue Star outlet located at Borodarga Bazar, Pirgacha, Rangpur on May 25, 2024. He appreciated the Blue Star providers for their tireless efforts and contribution in family planning, maternal health, child health, nutrition and TB control program. He emphasized the importance of offering GMP services and increase using of MoniMix to improve child health status in the country. The campaign achieved remarkable results by supplying 3.81 million sachets of MoniMix to 9,150 Star network and other pharmacy outlets nationwide.

Later, Mr. Khan visited a courtyard session of Married Women of Reproductive Age (MWRA) and Ma Somabesh (Pregnant Mother's Gathering) at Chondipur, Pirgacha, Rangpur organized by the implementing partner Sacheton. Mr. Khan observed the Antenatal Care (ANC) services provided by the Paramedic and the overall performance of the community mobilization activities. He also highlighted the importance of safe delivery, maternal nutrition and the benefits of taking FullCare (Multiple Micronutrient Supplements) and Forbon (Calcium tablet) during the pregnancy.

তীব্র দাবদাহের সময় ওরস্যালাইন-এন এবং বিশুদ্ধ খাবার পানি বিতরণ

এসএমসি গ্রীষ্মের তীব্র দাবদাহের সময় সৃষ্ট জন-দুর্ভোগ কমাতে সারাদেশে দিনমজুর ও শ্রমিকদের মাঝে ওরস্যালাইন-এন এবং খাবার পানি বিতরণ করে। উদ্বোধনী অনুষ্ঠানটি ২০২৪ সালের এপ্রিল মাসের ২৯ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এছাড়াও, এসএমসি ইএল তীব্র দাবদাহের সময় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি)-এর সহযোগিতায় দিনমজুর এবং শ্রমিকদের মধ্যে ওরস্যালাইন-এন এবং খাবার পানি বিতরণ করে। ডিএনসিসি-এর মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম; এসএমসি ইএল-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক, কমার্শিয়াল জনাব কাজী আমিরুল হক; এসএমসি ইএল-এর বিক্রয় বিভাগের মহা-ব্যবস্থাপক জনাব চন্দ্র নাথ মন্ডল এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বিতরণী অনুষ্ঠানের সময় উপস্থিত ছিলেন।

Distribution of ORSaline-N and Drinking Water During Heatwave

SMC distributed ORSaline-N and drinking water to the day laborers and workers across the country to alleviate the suffering caused by the intense summer heatwave. The inauguration of this program took place at the Head Office on April 29, 2024. Mr. Toslim Uddin Khan, Managing Director and CEO, SMC and Mr. Sayef Uddin Nasir, Managing Director, SMC Enterprises Ltd (SMC EL) along with senior officials attended the inauguration program.

In Addition, SMC EL in collaboration with the Dhaka North City Corporation (DNCC) extended support to distribute ORSaline-N and drinking water among the day laborers and workers during the heatwave. Mr. Md. Atiqul Islam, Mayor, DNCC; Mr. Kazi Amirul Haque, Deputy Managing Director, Commercial, SMC EL; Mr. Chandra Nath Mandal, General Manager, Sales, SMC EL and other senior officials were present during the distribution event.

শিশুর বিকাশে ব্যাক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান

এসএমসি জনপ্রিয় স্যাটেলাইট চ্যানেল আরটিভি'র যৌথ সহযোগিতায় টানা ষষ্ঠ বারের মতো 'আরটিভি-এসএমসি মনিমিক্স অ্যাওয়ার্ড ২০২৪' অনুষ্ঠানের আয়োজন করে। ২০২৪ সালের মে মাসের ২৩ তারিখে বেঙ্গল মাল্টিমিডিয়া স্টুডিওতে জনপ্রিয় জাতীয় সেলিব্রিটি, টিভি শিল্পী, বিশিষ্ট শিক্ষাবিদ, উন্নয়ন অংশীদার এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই পুরস্কার প্রদান অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এ বছর শিশু স্বাস্থ্য, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য, শিশু শিক্ষা ও উন্নয়নে অসামান্য অবদানের জন্য তিনজন বিশিষ্ট ব্যক্তি ও তিনটি প্রতিষ্ঠানকে এই মর্যাদাপূর্ণ পুরস্কারে ভূষিত করা হয় । স্বতন্ত্র বিভাগে, কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্যের উন্নয়নে অনলাইন প্ল্যাটফর্ম 'রিল্যাক্সি' তৈরির জন্য মিসেস জাহ্নবী রহমান; শিশু সাহিত্যে অনবদ্য অবদানের জন্য বিশিষ্ট কথাসাহিত্যিক জনাব পলাশ মাহবুব ; শিশুদের জন্য একটি নিরাপদ এবং বিনোদন-ভিত্তিক ভিডিও স্ট্রিমিং সাইট 'বেবিটিউব' তৈরি জন্য জনাব মইনুল ইসলামকে পুরস্কৃত করা হয়। প্রতিষ্ঠানিক বিভাগে, প্রত্যন্ত অঞ্চলের কিশোরীদের বিনামূল্যে শিক্ষা প্রদানের জন্য 'কমরেড রতন সেন কলেজিয়েট গার্লস স্কুল'কে পুরস্কৃত করা

Recognition of Individuals and Institutions for Child Development

SMC organized the 'RTV-SMC MoniMix Award 2024' for the sixth consecutive years in partnership with the popular satellite channel RTV. The award giving ceremony was held at the Bengal Multimedia Studio on May 23, 2024 with the overwhelming participation of popular national celebrities, TV artists, educationists, development partners and high dignitaries from the public and private organizations. This year, three dignified individuals and three institutions have been honored with this prestigious award for their outstanding contribution on child health, adolescent health, child education and development. In individual category, Ms. Jahnnobi Rahman was awarded for creating online platform 'Relaxy' to improve mental health for teenagers; Mr. Palash Mahbub, a prominent fiction writer for children; Mr. Mainul Islam for developing 'BabyTube,' a safe video streaming site for children.

হয় এবং সমাজে বাল্যবিবাহ ও শিশু নির্যাতন প্রতিরোধের জন্য শিশু সংগঠন 'রংমহল'-কে সম্মাননা প্রদান করা হয়।পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি; বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড এবং আরটিভি'র চেয়ারম্যান আলহাজ্ব মোর্শেদ আলম, এমপি; ইউএসএআইডি বাংলাদেশ-এর মিশন ডিরেক্টর জনাব রিড এশলিম্যান; এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. হাছান মাহমুদ, এমপি। তিনি শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্য, মেধার বিকাশ এবং জীবনমান উন্নয়নে অসামান্য অবদানের জন্য স্বীকৃতি ও সম্মাননা প্রদানের মাধ্যমে সমাজের সকল শ্রেণীর মানুষদের অনুপ্রাণিত করতে এসএমসি'র এই অভিনব উদ্যোগের প্রশংসা করেন। এসএমসিকে নিরবচ্ছিন্ন সমর্থনের জন্য জনাব খান সরকার এবং ইউএসএআইডি'র প্রতি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি দৃঢ়ভাবে উল্লেখ করেন কোম্পানী দেশের সকল শ্রেণীর জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। সেলিব্রিটিদের বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা এবং মনিমিক্সের থিম সং এই অনুষ্ঠানকে আরো প্রাণবন্ত করে তোলে। অনুষ্ঠানটি ২০২৪ সালের মে মাসের ২৪ তারিখে আরটিভি এবং আরটিভি অনলাইনে প্রচারিত হয়।

In the institution category, Comrade Ratan Sen Collegiate Girls School was awarded for providing free education to girls in remote areas and Children's Organization "Rangmahal" was honored for preventing child marriage and child abuse in the community. Dr. Hasan Mahmud, MP, Former Minister, Ministry of Foreign Affairs; Alhaj Morshed Alam, MP, Chairman of Bengal Media Corporation Ltd and RTV; Mr. Reed Aeschliman, Mission Director, USAID Bangladesh; Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO of SMC and Mr. Sayef Uddin Nasir, Managing Director, SMC EL delivered the felicitation speech on the occasion and handed over crests and certificates to the winners. Dr. Hasan Mahmud, MP was the chief guest on the occasion. He appreciated the initiative of SMC to motivate people from all levels of society by recognizing and honoring their contribution on health, intellectual development and improvement of the quality of life of children and adolescents. Mr. Khan expressed gratitude and thanked the Government and USAID for their continued support to SMC. He emphasized that the organization remains committed to its mission of enhancing the quality of life of all segments of population in the country. Various cultural performances of celebrities and theme song of MoniMix were featured in the event which was telecast on RTV and RTV online on May 24, 2024.

'নন-ফাইনান্স ম্যানেজারদের জন্য ফাইনান্স' বিষয়ে প্রশিক্ষণ

এসএমসি ২০২৪ সালের মে মাসের ২০ তারিখে 'ফাইনান্স ফর নন-ফাইনান্স ম্যানেজার' শিরোনামে একটি আভ্যন্তরীণ প্রশিক্ষণ সেশনের আয়োজন করে। এসএমসি'র প্রধান আর্থিক কর্মকর্তা জনাব তপন বালা এই প্রশিক্ষণ সেশনটি পরিচালনা করেন। অধিবেশনে কোম্পানীর নন-ফাইনান্স ম্যানেজারদের ফাইনান্স বিষয়ে মৌলিক ধারণা প্রদান করা হয়। মোট ৩০ জন অংশগ্রহণকারী প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ করেন। অধিবেশনে ব্যয় হিসাব, মূলধন বাজেটিং, নগদ অর্থ প্রবাহের বিবরণী এবং ফিনান্সিয়াল পরিভাষা সহ প্রয়োজনীয় আর্থিক বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। অংশগ্রহণকারীগণ গুরুত্বপূর্ণ বিভিন্ন আর্থিক বিষয় সম্পর্কে অবগত হন যা তাদের দৈনন্দিন কার্যক্রমকে আরও দক্ষতার সাথে পরিচালনা করতে সাহায্য করবে।

Training on 'Finance for Non-Finance Managers'

SMC organized an in-house training session titled 'Finance for Non-Finance Managers' on May 20, 2024. The session was led by Mr. Tapan Bala, Chief Financial Officer of SMC to assist non-finance Managers of the Company giving a basic understanding of financial concepts. A total of 30 participants attended the program. The training covered essential financial topics such as Cost Accounting, Capital Budgeting, Cash Flow Statements and Financial Terminology. Attendees gained valuable insights which will help them to implement their day to day operations more efficiently.

'জয়া' স্যানিটারি ন্যাপকিনের সরবরাহ বৃদ্ধিতে ভেন্ডিং মেশিন স্থাপন

মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা পণ্যসমূহের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে এসএমসি ২০২৪ সালের জানুয়ারী মাসের ১৪ তারিখ থেকে জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত সারা দেশে বিভিন্ন উল্লেখযোগ্য স্থানে ৪৫টি জয়া ভেন্ডিং মেশিন স্থাপন করেছে। এই মেশিনগুলো বিভিন্ন স্কুল ও কলেজ, পোশাক কারখানা, কর্পোরেট অফিস এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়, যেমন ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ), ঢাকা বিশ্ববিদ্যালয়; জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন সুবিধাজনক জায়গায় স্থাপন করা হয়েছে। এই উদ্যোগটি গ্রাহকদের মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনাকে আরো সহজসাধ্য করার লক্ষ্যে স্যানিটারি ন্যাপকিন সংগ্রহ করার সুযোগকে আরো প্রসারিত করেছে।

এসএমসি ভোক্তাদের চাহিদা মেটাতে এবং সরবরাহ বৃদ্ধিতে সারা দেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে আরও ভেন্ডিং মেশিন স্থাপনের পরিকল্পনা করছে। এই উদ্যোগটি ব্যবহারকারীদের শুধুমাত্র তাৎক্ষণিক চাহিদাই পূরণ করবে না বরং মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা এবং জয়া স্যানিটারি ন্যাপকিনের ব্যবহার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করবে।

Installation of Vending Machines to Increase Access of 'Joya' Sanitary Napkin

In a significant step towards increasing accessibility of menstrual hygiene products, SMC has installed 45 Joya vending machines from January 14 to June 30, 2024 at various strategic locations across the country. These machines have been installed at convenient places of various Schools and Colleges, Readymade Garments (RMG) Factories, Corporate Offices and different Universities such as Institute of Business Administration (IBA), University of Dhaka, Jahangirnagar University etc. This initiative has broadened the opportunity of users to collect sanitary napkins for ensuring their menstrual hygiene management conveniently.

SMC has planned to install more vending machines in different strategic locations across the country to meet the demand of users and increase the utilization. This approach will not only meet the immediate needs but also will raise awareness on menstrual hygiene management and utilization of Joya Sanitary Napkin

বিশ্ব মাসিক স্বাস্থ্যবিধি দিবস ২০২৪ উদযাপন

এসএমসিইএল জয়া স্যানিটারি ন্যাপকিনের পৃষ্ঠপোষকতায় বিশ্ব মাসিক স্বাস্থ্যবিধি দিবস ২০২৪ উপলক্ষ্যে জনপ্রিয় স্যাটেলাইট চ্যানেল আরটিভিতে 'জয়া মন খুলে বলো' (জয়া নির্দ্বিধায় আপনার মতামত প্রকাশ করুন) শীর্ষক একটি বিশেষ টক শো'র আয়োজন করে। এই বছরের প্রতিপাদ্য ছিল 'আসুন, সবাই মিলে গড়ি মাসিক-বান্ধব পৃথিবী'। অনুষ্ঠানে মাসিক স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ এবং মাসিকের সময় অস্বাস্থ্যকর কাপড় বা তুলা ব্যবহার না করে স্যানিটারি ন্যাপকিন ব্যবহারে উৎসাহিত করার বিষয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি ২০২৪ সালের মে মাসের ২৮ তারিখে বিকাল ৫টায় আরটিভি, আরটিভি'র অনলাইন প্ল্যাটফর্ম এবং জয়ার অফিসিয়াল ফেসবুক পেইজে একযোগে সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন জনপিয় সেলিব্রিটি মিস পিয়া জান্নাতুল এবং জয়া স্যানিটারি ন্যাপকিনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর মিসেস নুসরাত ফারিয়া মাযহার। মাসিক স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা ব্যবস্থাপনা বিষয়ক এই ব্যাতিক্রমধর্মী মুক্ত আলোচনা দর্শকদের কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়।

Celebrating World Menstrual Hygiene Day 2024

SMC EL organized a special talk show titled "জয়া মনখুলে বলো" (Joya Express your opinion freely)" on the occasion of World Menstrual Hygiene Day 2024 on popular satellite channel RTV sponsored by Joya Sanitary Napkin. The theme for this year was "Together Towards a Period Friendly World." The talk show focused on raising awareness about menstrual health and hygiene management encouraging the use of sanitary napkins instead of using unhygienic cloth or cotton during periods.

The program was broadcast simultaneously on RTV, online platform of RTV and Joya's official Facebook page on May 28 at 5 PM. The main speakers were famous celebrity Ms. Pia Jannatul and brand ambassador of Jaya Sanitary Napkin Ms. Nusraat Faria Mazhar. This unique and open discussion on menstrual health and hygiene management was widely appreciated by the audience.

পহেলা বৈশাখ ১৪৩১ উদযাপন

এসএমসি এবং এসএমসি ইএল-এর মানব সম্পদ বিভাগ বাংলা নববর্ষ উদযাপনের জন্য একটি প্রাণবন্ত ও জাকজমকপূর্ণ ‘পহেলা বৈশাখ ১৪৩১’ অনুষ্ঠানের আয়োজন করে। এসএমসি’র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির সহ প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। জনাব খান এবং জনাব নাসির সবাইকে নতুন বছরের শুভেচ্ছা ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। অনুষ্ঠানে উভয় কোম্পানীর উর্ধ্বতন ব্যবস্থাপক এবং কর্মীবৃন্দ পারস্পরিক শুভেচ্ছা বিনিময় করেন এবং পহেলা বৈশাখ কীভাবে বাঙালীর জীবনে ও সংস্কৃতিতে একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিরাজ করছে সেই বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। বৈশাখী অনুষ্ঠানে গান, নাটক, আবৃত্তি, ফ্যাশন কোরিওগ্রাফি, বাঁশি পরিবেশন এবং দলীয় নৃত্য সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপন করা হয়। কর্মীবৃন্দ ঐতিহ্যবাহী খাবার যেমন পাটিসাপ্টা পিঠা, মুড়কি, খই, নাড়ু, মোয়া, বাতাসা এবং নিমকি উপভোগ করেন যা একটি স্মৃতিমধুর পরিবেশের সৃষ্টি করে এবং সকলের মাঝে সাংস্কৃতি ও ঐতিহ্যের অনুভূতি জাগিয়ে তোলে। একটি আনন্দময় পরিবেশের মধ্য দিয়ে অনুষ্ঠানটি সফলভাবে নববর্ষ উদযাপনের মাধ্যমে এসএমসি পরিবারের মাঝে বাংলার ঐতিহ্য ও সংস্কৃতির তাৎপর্যকে ধারণ করে।

Celebration of Pohela Boishakh 1431

HR Division of SMC and SMC EL organized a vibrant and colorful 'Pohela Boishakh 1431' to celebrate the Bengali New Year. Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO, SMC and Mr. Sayef Uddin Nasir, Managing Director, SMC EL along with all employees of Head Office participated in the event. Mr. Khan and Mr. Nasir wished everyone a happy and prosperous new year. Senior management and employees of both Companies shared their best-wishes and reflections on how Pohela Boishakh is an integral part of Bengali culture and life. The celebration featured a variety of cultural performances including songs, drama, recitation, fashion choreography, flute performance and group dance. Employees enjoyed traditional snacks such as Patishapta Pitha, Murki, Khoi, Naru, Moa, Batasha, and Nimki which added a nostalgic touch and connected everyone to their cultural roots. The event successfully captured the essence of Noboborsho for the entire SMC family in a joyous celebration of heritage and tradition.

এসএমসি লং সার্ভিস অ্যাওয়ার্ড ২০২৩

এসএমসি এবং এসএমসি ইএল কর্মীদের মাঝে ‘লং সার্ভিস অ্যাওয়ার্ড’ প্রদান করে যারা দীর্ঘ ১০ বছর অত্যন্ত নিষ্ঠার সাথে কোম্পানীর প্রতি দায়িত্ব পালন করেছেন। ১৯৯৩ সাল থেকে কর্মীদের উৎসর্গ, নিষ্ঠা, কঠোর পরিশ্রম এবং কোম্পানীর প্রতি আনুগত্যের স্বীকৃতি স্বরূপ আনুষ্ঠানিকভাবে এই স্বীকৃতি প্রদান রীতির সূচনা হয় ।

এসএমসি ২০২৪ সালের মার্চ মাসের ২০ তারিখে প্রধান কার্যালয়ে এই মর্যাদাপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করে এবং নয়জন কর্মীকে এই স্বীকৃতি প্রদান করা হয় যারা নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মধ্য দিয়ে ১০ বছরের মাইলফলক অতিক্রম করেছে। এসএমসি’র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং অন্যান্য উর্ধ্বতন ব্যবস্থাপনাবৃন্দ সম্মানিতদের হাতে পুরস্কার তুলে দেন। এসএমসি ইএল-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি যথাক্রমে ২০২৪ সালের মার্চ মাসের ৬ তারিখে প্রধান কার্যালয়ে এবং ১৩ তারিখে ভালুকা ফ্যাক্টরিতে অনুষ্ঠিত হয়। উভয় অনুষ্ঠানের উদ্বোধন করেন এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ উদ্দিন নাসির এবং অন্যান্য উর্ধ্বতন ব্যবস্থাপনাবৃন্দ। প্রধান কার্যালয়, ভালুকা ফ্যাক্টরি ও এরিয়া অফিসের মোট ১৭৬ জন কর্মী এই মর্যাদাপূর্ণ পুরস্কার গ্রহণ করেন। নির্বাচিত কর্মীদের প্রত্যেককে প্রশংসাসরূপ একটি সনদ, ক্রেস্ট এবং উপহার প্রদান করা হয়।

SMC Long Service Award 2023

SMC and SMC EL gave ‘Long Service Award’ to the employees who have completed 10 years of service with the company are eligible to receive the prestigious award. This recognition has been initiated since 1993 by formally acknowledging the employees for their dedication, hard work and loyalty to the organization.

SMC organized this prestigious ceremony at the Head Office on March 20, 2024 and recognized nine remarkable employees who reached the milestones of 10 years in their outstanding services. Mr. Toslim Uddin Khan, Managing Director & CEO of SMC alongside other Senior Management presented the awards to the honorees. The award ceremony of SMC EL was held at the Head Office and Bhaluka Factory on March 6 and March 13, 2024, respectively. Both events were inaugurated by Mr. Sayef Uddin Nasir, Managing Director, SMC EL along with the Senior Management. A total of 176 employees of the Head Office, Bhaluka Factory and Area Offices received this award. Each honoree received a certificate, crest and gift as a token of appreciation.

কর্মীদের অসামান্য কর্মদক্ষতার জন্য স্বীকৃতি প্রদান করে এসএমসি

এসএমসি এবং এসএমসি ইএল যৌথভাবে ২০২৪ সালের মে মাসের ১২ তারিখে কোম্পানীর প্রধান কার্যালয়ে 'অ্যাওয়ার্ড অব এক্সিলেন্স' অনুষ্ঠানের আয়োজন করে। এই পুরস্কার প্রদান অনুষ্ঠানের উদ্দেশ্য হলো কোম্পানীর সার্বিক কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে যারা অসাধারণ কর্মদক্ষতা প্রদর্শন করেছেন সেসকল কর্মীদের স্বীকৃতি প্রদান করা। অনুষ্ঠানটি উদ্বোধন করেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক সহ উভয় কোম্পানীর ঊর্ধ্বতন ব্যবস্থাপনাবৃন্দ।

এই বছর, অভিনব ও অসামান্য অবদানের জন্য এসএমসি এবং এসএমসি ইএল ২০২৩-২৪ অর্থবছরে মোট ১৫জন কর্মীদের সম্মাননা প্রদান করে। মূলত এই সম্মাননা চারটি ক্যাটেগরিতে প্রদান করা হয়: অর্জন, উদ্ভাবন, খরচ হ্রাস এবং প্রতিশ্রুতি রক্ষা। পুরস্কারপ্রাপ্তদের প্রাথমিকভাবে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক বাছাই করা হয় এবং পরবর্তীতে একটি নির্বাচন কমিটি দ্বারা সূক্ষ্মভাবে মূল্যায়নের মাধ্যমে মনোনীত করা হয়। এই স্বীকৃতি প্রদান অনুষ্ঠানটি শুধুমাত্র স্বতন্ত্র অর্জনকেই সাধুবাদ জানায়নি বরং অন্যান্য কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধি করা, অপারেশনাল ম্যানেজমেন্টে উৎকর্ষতা আনা, খরচ হ্রাস করা এবং কোম্পানীর লক্ষ্য অর্জনে অবদান রাখতে একটি অনুপ্রেরণামূলক মাধ্যম হিসেবেও কাজ করে।

SMC Recognize the Employees for their Extraordinary performance

SMC and SMC EL jointly organized the 'Award of Excellence' ceremony at the SMC Head Office on May 12, 2024. The award event aims to recognize the employees who have done extraordinary performances to carry forward the activities of the Company. The ceremony was inaugurated by the Managing Director & CEO of SMC and Managing Director of SMC EL along with the Senior Management of both companies.

This year, 15 outstanding employees from SMC and SMC EL were honored for their exceptional contributions during the fiscal year 2022-2023. The awards were given in four categories: Achievement, Innovation, Cost Savings, and Commitment. These awardees were initially prepared by the respective department and finally selected by a committee through meticulous evaluations. This recognition event not only celebrated individual achievements but also served as a motivational platform for other employees to improve their performance, bring excellence in operational management, achieve cost reductions and contribute to the Company's goals.

ব্যবস্থাপনা দক্ষতা জোরদার করার লক্ষ্যে 'অপারেশনাল এক্সিলেন্স' বিষয়ক সেমিনার

এসএমসি ২০২৪ সালের মার্চ মাসের ১০ তারিখে এবং মে মাসের ২১ তারিখে কোম্পানীর প্রধান কার্যালয়ে 'অপারেশনাল এক্সিলেন্স' শীর্ষক দিনব্যাপী দুটি প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। সেশনদুটি এসএমসি প্রোগ্রাম, মানবসম্পদ, আভ্যন্তরীণ নিরীক্ষা এবং প্রশাসন বিভাগ সহ বিভিন্ন বিভাগের বিশেষ ব্যবস্থাপনা কর্মীদের নিয়ে প্রস্তুত করা হয়। মোট ৫৮ জন অংশগ্রহণকারী প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মূল লক্ষ্য ছিল প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ড দক্ষতার সাথে পরিচালনার জন্য কর্মীদের জ্ঞান, দক্ষতা এবং আচরণগত উৎকর্ষতা বৃদ্ধি করা যাতে যেকোন কার্যকরী উদ্যোগ বা সঠিক সিদ্ধান্ত গ্রহণ সহজতর হয়।

জনাব নাইজুর রহমান প্রশিক্ষণ সেশনটি পরিচালনা করেন। তিনি একজন অভিজ্ঞ বিশেষজ্ঞ এবং মাইন্ড ওয়ার্কসের প্রধান প্রশিক্ষকের পাশাপাশি একজন সুপরিচিত কানসালটেন্সি সেবা প্রদানকারী। অংশগ্রহণকারীগণ প্রশিক্ষণ সেশনে শুধুমাত্র নিয়োজিতই ছিল না বরং প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য, প্রবৃদ্ধি অর্জন এবং উদ্ভাবনী দক্ষতা বিষয়ে মূল্যবান জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করেন। কোম্পানী উত্তরোত্তর প্রবৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত নিবেদিত দক্ষ কর্মীদল তৈরির জন্য প্রশিক্ষণ কর্মসূচির উপর বিশেষ গুরুত্বারোপ করছে।

Seminar on 'Operational Excellence' to Strengthened Management Competence

SMC conducted two training sessions titled "Operational Excellence" at its Head Office on March 10 and May 21, 2024. The sessions were specially customized for key management employees from various departments including the SMC Program, Human Resource, Internal Audit and Administration Division. A total of 58 participants attended the training. The primary aim of the training was to enhance knowledge, skills and behavioral competencies necessary to effectively support and drive an operational excellence initiative within the organization.

The training sessions were facilitated by Mr. Naijur Rahman, a seasoned expert and Lead Trainer from Mind Works, a well-known training and consultancy service provider. Participants were not only engaged throughout the session but also gained valuable insights that are expected to foster a culture of continuous improvement and innovation within the organization. The Company continues to emphasize the importance of training to create a group of dedicated workforces for better performances.

‘মূল্য-ভিত্তিক বিক্রয় শিল্প ও বিজ্ঞান’ বিষয়ে বিক্রয় কর্মীদের প্রশিক্ষণ

এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড ২০২৪ সালের মে মাসের ২-৩ তারিখে গাজীপুর জেলার পূর্বাচলের ছুটি রিসোর্টে ‘মূল্য-ভিত্তিক বিক্রয় শিল্প ও বিজ্ঞান’ বিষয়ক একটি তথ্যবহুল প্রশিক্ষণ সেশনের আয়োজন করে। সেশনের লক্ষ্য ছিল নতুন নিয়োগকৃত ৩১ জন বিক্রয় কর্মীদের জ্ঞান এবং কর্মদক্ষতা বৃদ্ধি করা। প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সাইফ উদ্দিন নাসির। অন্যান্য ঊর্ধ্বতন ব্যবস্থাপনাবৃন্দের মধ্যে এসএমসি ইএল-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-কমার্শিয়াল জনাব কাজী আমিরুল হক সহ জনাব আবুল বশির খান-প্রধান আর্থিক কর্মকর্তা; জনাব চন্দ্র নাথ মন্ডল, মহা-ব্যবস্থাপক-বিক্রয়; জনাব রানা কায়সার আহমেদ, মহাব্যবস্থাপক-মানবসম্পদ ও প্রশাসন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ সেশনটি পুঙ্খানুপুঙ্খভাবে আধুনিক বিক্রয় কৌশলগুলো সম্পর্কে অংশগ্রহণকারীদেরকে একটি সার্বিক ধারণা প্রদান করে যার মধ্যে রয়েছে মূল্য-ভিত্তিক বিক্রয়, চ্যালেঞ্জ মোকাবেলা, কার্যকর বিক্রয় কল পরিচালনা এবং বাজার পরিস্থিতি বিশ্লেষণ ইত্যাদি। উক্ত অধিবেশনে বিক্রয় কর্মীগণ বাজার প্রবণতা বিশ্লেষণ এবং বাহ্যিক বিক্রয় কর্মীদের বিক্রয় কৌশলগুলো সম্পর্কে অবগত হন যাতে ভবিষতে তারা ভাল ফলাফল অর্জনের জন্য সর্বোচ্চ প্রচেষ্টার মাধ্যমে পরিবর্তিত বাজার পরিস্থিতি মোকাবেলা করতে নিজেকে প্রস্তুত রাখতে পারে।

Training on ‘The Art & Science of Value Based Selling’ for Sales Officer

SMC Enterprise Ltd. organized an intensive training session on "The Art & Science of Value Based Selling" at Chuti Resort, Purbachol, Gazipur. The session aimed to enhance the performance and knowledge of 31 newly joined sales officers. The training program was inaugurated by Mr. Sayf Uddin Nasir, MD, SMC EL. Among other senior management officials including Mr. Kazi Amirul Hoque, Deputy Managing Director-Commercial; Mr. Abul Bashir Khan, Chief Financial Officer; Mr. Chandra Nath Mandal, General Manager-Sales and Mr. Rana Kaiser Ahmed, General Manager-Human Resource and Administration of SMC EL attended the inaugural session. The training program provided a thorough understanding of modern sales techniques, including value-based selling, handling challenges, conducting effective sales calls and gathering market intelligence to the participants. Sales officers also learned about the market trend analysis and way of understanding competitors' strategies so that they are ready to face and excel their efforts in the changing market environment for better results.

মেট্রো রেল কোচের অভ্যন্তরে এসএমসি প্লাস ও জয়া'র প্রচার

ঢাকা মেট্রো রেল, শহরের জনগণের জন্য দ্রুত যাতায়াত ব্যবস্থায় গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এই আধুনিক এবং গতিশীল গণ পরিবহনে বিজ্ঞাপন প্রচারের অংশ হিসেবে, এসএমসি ইএল ঢাকা মেট্রো রেলের ছয়টি ভিন্ন ভিন্ন কোচে কোম্পানীর জনপ্রিয় দুটি ব্র্যান্ড - এসএমসি প্লাস এবং জয়া স্যানিটারি ন্যাপকিন-এর ব্র্যান্ডিং করেছে। প্রতিদিন, মেট্রো রেল ঢাকা শহরের সর্বস্তরের হাজার হাজার মানুষকে পরিবহন সুবিধা প্রদান করে থাকে। এই মেট্রো কোচের ব্র্যান্ডিং-এর মাধ্যমে এসএমসি পণ্যের প্রচারের পাশাপাশি সমাজের প্রতি তার প্রতিশ্রুতি রক্ষা করছে। আধুনিক পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেমের সাথে এসএমসি'র এই অংশীদারিত্ব বাংলাদেশের জনসাধারণের প্রতি কোম্পানীর সামাজিক দায়িত্ব এবং বন্ধনকে আরো শক্তিশালী করেছে।

এসএমসি প্লাস ও জয়া স্যানিটারি ন্যাপকিন বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় এবং বিশ্বস্ত পণ্য। মেট্রো কোচে এই ব্র্যান্ডসমূহের উপস্থিতি জনগণকে মানসম্পন্ন এবং প্রয়োজনীয় স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি পণ্যসামগ্রী সরবরাহে কোম্পানির দৃঢ় প্রতিশ্রুতির বিষয়টিই প্রতীয়মান হয়।

Promotion of SMC Plus and Joya Inside Metro Rail Coach

The Dhaka Metro Rail significantly contributing in the city's mass rapid transit system. As part of this modern and efficient public transport initiative, SMC EL has branded six different coaches of the Dhaka Metro Rail with two of its prominent brands – SMC Plus and Joya Sanitary Napkin. Every day, the Metro Rail transports thousands of people from all walks of life in Dhaka City. By branding these Metro coaches, SMC EL is promoting its products and showing its commitment to the community. This partnership with the modern public transport system strengthens SMC's connection with the people of Bangladesh.

SMC Plus and Joya Sanitary Napkin are trusted products in Bangladesh. Their presence on the metro coaches remind the consumers of the Company's promise to provide people with quality and essential health and hygiene products.

বাংলাদেশে যক্ষ্মা নিয়ন্ত্রণের উদ্যোগকে সফল করতে গৃহীত কার্যক্রম

ইউএসএআইডি'র অ্যালায়েন্স ফর কমব্যাটিং টিউবারকিউলোসিস (টিবি) ইন বাংলাদেশ (এসিটিবি) হল লোকাল অর্গানাইজেশন নেটওয়ার্ক (লন) প্রকল্পের একটি কনসোর্টিয়াম যা ইউএসএআইডি'র অর্থায়নে বাংলাদেশে যক্ষ্মা প্রতিরোধে কাজ করছে। জোটের সদস্য হিসেবে, এসএমসি দেশের নন-গ্র্যাজুয়েট স্টার নেটওয়ার্ক সেবাদানকারীগণ কর্তৃক টিবি স্ক্রীনিং এবং নিকটস্থ সার্ভিস ডেলিভারি কেন্দ্রে রেফার করার মাধ্যমে দেশের ২৯টি জেলায় সন্দেহজনক টিবি রোগী শনাক্তের সংখ্যা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। ২০২০ সালের আগস্ট মাসের ১ তারিখ থেকে ২০২৩ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখ সময়কালীন প্রকল্পের প্রাথমিক পর্যায় সফলভাবে সমাপ্তির পর এসএমসি বর্তমানে দেশের আরো ৩টি জেলায় তার এসিটিবি কার্যক্রম সম্প্রসারিত করেছে। এই সম্প্রসারণের প্রাথমিক উদ্দেশ্য হল সন্দেহজনক টিবি রোগীর স্ক্রীনিং এর পরিমান বৃদ্ধি করা, চিকিৎসার সুব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে রেফারেল কেসগুলোর একটি শক্তিশালী ফলো-আপ মেকানিজম তৈরি করা এবং গ্রামীণ পর্যায়ের নারী উদ্যোক্তাদের সম্পৃক্তি করার মাধ্যমে কমিউনিটিতে টিবি স্ক্রীনিং এবং সন্দেহজনক টিবি রোগী শনাক্ত করা। এসএমসি এই উদ্যোগকে আরো বেগবান করার লক্ষ্যে এসিটিবি কর্মীদের নিয়ে ২০২৪ সালের এপ্রিল মাসের ১৬-১৮ তারিখে ঢাকার বনানীতে অবস্থিত ওমনি রেসিডেন্সি হোটেলে তিনদিন ব্যাপী একটি বিস্তৃত কর্মসূচি পরিচালনা করে। এই প্রকল্পের লক্ষ্য ও কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য ওরিয়েন্টেশন সেশন, কাজের অগ্রগতি মূল্যায়ন করার জন্য কর্মদক্ষতা পর্যালোচনা সভা এবং কর্মীদের যোগাযোগ দক্ষতার উন্নয়ন বিষয়গুলো কর্মসূচিতে অন্তর্ভুক্ত ছিল। এই উদ্যোগের লক্ষ্য হলো দেশব্যাপী যক্ষ্মা নিয়ন্ত্রণ ও মোকাবেলার প্রচেষ্টাকে আরো শক্তিশালী করা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব তছলিম উদ্দিন খান, ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, এসএমসি; জনাব কাজী আমিরুল হক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, কমার্শিয়াল, এসএমসি ইএল; জনাব নাজির আজিজ চৌধুরী, মহা-ব্যবস্থাপক, মানব সম্পদ এবং প্রশাসন, এসএমসি; জনাব চন্দ্র নাথ মন্ডল, মহা-ব্যবস্থাপক, বিক্রয়, এসএমসি ইএল; জনাব তপন বালা, প্রধান আর্থিক কর্মকর্তা, এসএমসি এবং জনাব মোঃ মশিউর রহমান, মহা-ব্যবস্থাপক, ফিল্ড ইমপ্লিমেন্টেশন, এসএমসি। জনাব খান উল্লেখযোগ্য সাফল্য অর্জনের জন্য এসিটিবি টিমকে ধন্যবাদ জানান এবং এসএমসি'র স্টার নেটওয়ার্কের মাধ্যমে অধিক সংখ্যক সন্দেহজনক টিবি রোগী শনাক্ত করতে তাদেরকে উৎসাহিত করেন। নিবেদিত কাজের মাধ্যমে প্রতিষ্ঠানের প্রতি তাদের উল্লেখযোগ্য ভূমিকার কথাও তিনি ব্যক্ত করেন। জনাব হক এসিটিবি'র কর্মীদলকে ধন্যবাদ জানান এবং এসএমসি ইএল কর্তৃক সমর্থন ও সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন। জনাব রহমান গঠণমূলক আলোচনা, কার্যকরী প্রশিক্ষণ এবং কর্মদক্ষতা মূল্যায়নের মাধ্যমে বাংলাদেশে যক্ষ্মা প্রতিরোধে এসএমসি এবং ইউএসএআইডি'র অবদানের প্রশংসা করেন। তিনি আরো বলেন, ভবিষ্যতে সন্তোষজনক ও কাঙ্খিত ফলাফল অর্জনের জন্য এসিটিবি টিম সর্বদা প্রস্তুত রয়েছে।

Strengthen Efforts to Control Tuberculosis (TB) in Bangladesh

USAID's Alliance for Combating Tuberculosis in Bangladesh (ACTB) is a consortium of the Local Organization Network (LON) program funded by USAID to fight against TB. As an alliance member, SMC has significantly improved access to the TB presumptives across 29 districts by engaging its non-graduate Star Network Providers by screening and referring TB presumptive cases to nearby service delivery centers. Having successfull completion of the initial phase of the project from August 1, 2020, to December 31, 2023, SMC is now expanding its ACTB activities to three more districts. The primary objective of this expansion is to increase the screening of presumptives TB cases, develop a robust follow-up mechanism for referral cases to ensure treatment compliance, and involve community-level women entrepreneurs in the screening and case finding of presumptive TB cases at the community level. To support these initiatives, SMC conducted a three-day comprehensive program at Hotel Omni Residency, Banani, Dhaka, from April 16-18, 2024 with the ACTB staff The event included an orientation session to outline the goals of the TB program, a performance review meeting to evaluate progress, and communication skills of staff. This initiative aims to strengthen efforts to control and combat tuberculosis nationwide.

The program was graced by the presence of Mr. Toslim Uddin Khan, Managing Director and CEO, SMC; Mr. Kazi Amirul Hoque, Deputy Managing Director, Commercial, SMC EL; Mr. Nazir Aziz Chowdhury, General Manager, HR and Admin, SMC; Mr. Chandra Nath Mandal, General Manager, Sales, SMC EL; Mr. Tapan Bala, Chief Financial Officer, SMC and Mr. Md. Moshiur Rahman, General Manager, Field Implementation, SMC. Mr. Khan appreciated the ACTB team for their significant achievements and encouraged them to identify more suspected TB patients through Star network of SMC. He also emphasized their dedication to the organization for impactful work. Mr. Hoque thanked the entire ACTB team and promised to continue support and cooperation from SMC EL. Mr. Rahman highlighted the dedication of SMC and USAID to combat against tuberculosis in Bangladesh through structured orientation, effective training and continuous performance evaluation. He further emphasized to ensure that the team is well-prepared to achieve more results.

Chief Patron: Toslim Uddin Khan, Managing Director & CEO
Editorial Panel: Md. Moshiur Rahman, General Manager, Field Implementation; Ms. Husne Ara, Deputy Manager, Corporate Communication;
Layout: Md. Monzur Quader Amin, Manager, Creative Design, PM & BCC.
Published by: Corporate Communication Department; **Acknowledgements:** All departments of SMC & SMC EL.
Address: SMC Tower, 33 Banani C/A, Road – 17, Dhaka – 1213, Bangladesh; **Telephone:** +88 02 22225073-80, +88 02 222250585-92, **Website:** www.smc--bd.org